



নং ৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৯.০৯

তারিখ : ২৭-০১-২০২০

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস এবং স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে
চিত্রাংকন, আবৃত্তি, গল্প বলা এবং রচনা ও পাঠ প্রতিযোগিতা-২০২০।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস এবং স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে নিম্নোক্ত গ্রুপে চিত্রাংকন, আবৃত্তি, গল্প বলা, রচনা ও পাঠ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

১। ক) ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্মদিবস উপলক্ষে গল্প বলা প্রতিযোগিতা :

- ১। গ্রুপ- 'ক' : প্রথম-চতুর্থ শ্রেণি পর্যন্ত
২। গ্রুপ- 'খ' : পঞ্চম-অষ্টম শ্রেণি পর্যন্ত

খ) আবৃত্তি প্রতিযোগিতা :

- ১। গ্রুপ- 'ক' : প্রথম-চতুর্থ শ্রেণি পর্যন্ত
২। গ্রুপ- 'খ' : পঞ্চম-অষ্টম শ্রেণি পর্যন্ত

গ) চিত্রাংকন প্রতিযোগিতা :

ক্র.নং.	গ্রুপ	বয়সসীমা	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়
১.	ক	অনূর্ধ্ব-৭ বছর	উন্মুক্ত
২.	খ	অনূর্ধ্ব-১২ বছর	শিশুদের বন্ধু বঙ্গবন্ধু

২। ক) ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে রচনা প্রতিযোগিতা :

ক্র.নং.	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	'ক'	পঞ্চম-অষ্টম	আমাদের বঙ্গবন্ধু	১০০০
২.	'খ'	নবম-দ্বাদশ	স্বাধীনতা অর্জনে বঙ্গবন্ধুর অবদান	১২০০
৩.	'গ'	স্নাতক-স্নাতকোত্তর	বঙ্গবন্ধু : ভাষা আন্দোলন থেকে স্বাধীনতা	১৫০০
৪.	'ঘ'	সর্বসাধারণ	বঙ্গবন্ধু স্বাধীন বাংলাদেশের স্থপতি	১৮০০

খ) পাঠ প্রতিযোগিতা :

- ১। গ্রুপ- 'ক' : পঞ্চম-অষ্টম শ্রেণি পর্যন্ত ('অসমাপ্ত আত্মজীবনী' পুস্তক থেকে অংশবিশেষ পাঠ করতে হবে)।
২। গ্রুপ- 'খ' : নবম-দশম শ্রেণি পর্যন্ত ('কারাগারের রোজনামা' পুস্তক থেকে অংশবিশেষ পাঠ করতে হবে)।

গল্প বলা, আবৃত্তি ও চিত্রাংকন প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য : ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগিতা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকা এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগিতা সংশ্লিষ্ট সরকারি গণগ্রন্থাগারে অনুষ্ঠিত হবে। গল্প বলা প্রতিযোগিতা ১৬.০৩.২০২০ ও আবৃত্তি প্রতিযোগিতা ১৮.০৩.২০২০ তারিখ বেলা ৩.০০ টায় এবং চিত্রাংকন প্রতিযোগিতা ২০.০৩.২০২০ তারিখ সকাল ১০.৩০ টায় অনুষ্ঠিত হবে।

রচনা ও পাঠ প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য : রচনা প্রতিযোগিতায় ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১০, কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকা এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে। রচনা জমা দেয়ার শেষ তারিখ ২৪.০৩.২০২০। পাঠ প্রতিযোগিতা সংশ্লিষ্ট সরকারি গণগ্রন্থাগারসমূহে ২৪.০৩.২০২০ তারিখ বেলা ৩.০০ টায় অনুষ্ঠিত হবে।

শর্তাবলি :

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. ছাত্র-ছাত্রীদের রচনা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এবং অন্যান্য প্রতিযোগীর রচনা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।
৫. গল্প বলা, আবৃত্তি ও চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণে প্রত্যেক প্রতিযোগীকে ১৫.০৩.২০২০ এবং পাঠ প্রতিযোগিতায় ২৩.০৩.২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট গণগ্রন্থাগারে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নসহ জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের কাগজ/আর্ট পেপার ব্যতীত অন্য কোনো উপকরণ সরবরাহ করা হবে না।

(মোঃ আব্দুল মান্নান ইলিয়াস)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন : ৯৬৭১২৩৪